# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৪৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ মুসলিম ব্যক্তিকে যে ইসলামের জন্য হেদায়েত দান করেছেন, সেজন্য তাকে নির্দেশ দেওয়া হয়েছে যেন সে আল্লাহর প্রশংসা করে, যখন সে অমুসলিমদের অথবা তাদের কবর দেখবে

## ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ الْمُسْلِمِ أَنْ يَحْمَدَ اللَّهَ جَلَّ وَعَلَا عَلَى مَا هَدَاهُ لِلْإِسْلَامِ إِذَا رَأَى غَيْرَ الْإِسْلَامِ أَوْ قَبْرَهُ

---

আরবী

844 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا الْحَارِثُ بْنُ سُرَيْجٍ النَّقَّالُ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ الْيَمَانِ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عليه وسلم قال: (إذا مَرَرْتُمْ بِقُبُورِنَا وَقُبُورِكُمْ مِنْ أَهْلِ الْجَاهِلِيَّةِ فَأَخْبِرُوهُمْ أنهم في النار)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَمَرَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي هَذَا الْخَبَرِ الْمُسْلِمَ إِذَا مَرَّ بِقَبْرِ غَيْرِ الْمُسْلِمِ أَنْ يَحْمَدَ اللَّهَ جَلَّ وَعَلَا عَلَى هِدَايَتِهِ إِيَّاهُ الْإِسْلَامَ بِلَفْظِ الْأَمْرِ بِالْإِخْبَارِ إِيَّاهُ أَنَّهُ مِنْ أَهْلِ النَّارِ إِذْ مُحَالٌ أَنْ يُخَاطَبَ مَنْ قَدْ بَلِيَ بِمَا لَا يَقْبَلُ عَنِ الْمُخَاطِبِ بِمَا يُخَاطِبُهُ بِهِ.

الراوي : أَبُو مَالِكٍ الْأَشْعَرِيّ االمحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 844 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৪৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমরা আমাদের কবর ও তোমাদের মধ্যে যারা জাহেলী যুগে মারা গিয়েছে, তাদের কবরের পাশ দিয়ে অতিক্রম করবে, তখন তোমরা তাদেরকে জানাবে যে, তারা জাহান্নামে রয়েছে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে নাবী মুস্তফা মুসলিম ব্যক্তিকে আদেশ করেছেন, মহান আল্লাহ যে তাকে ইসলামের জন্য হেদায়েত দান করেছেন, সেজন্য  আল্লাহর প্রশংসা করেন। এই আদেশটি বর্ণিত হয়েছে ‘তারা জাহান্নামে রয়েছে’ এটি তাদেরকে জানিয়ে দেওয়ার নির্দেশ দানের শব্দরুপের মাধ্যমে। কেননা এটি অসম্ভব যে, যে ব্যক্তি মারা গিয়ে নিঃশেষ হয়ে গেছে এমন কিছুর মাধ্যমে সম্বোধন করা যেখানে সম্বোধনকারী যা সম্বোধন করে, তা সে মোটেও গ্রহণ করতে পারে না।”

## ফুটনোট

[1] ইবনুস সুন্নী, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৫৯৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে অত্যন্ত দুর্বল বলেছেন। তিনি বলেছেন, এর পরিবর্তে ঐ হাদীসটি যথেষ্ট, যা বাযযার: ১/৬৪; আত তাবারানী: ৩২৬; বাইহাকী, দালাইলুন নুবুওওয়াত: ১/১৯১; আয যয়াহ, আল মুখতারাহ: ১/৩৩৩- এ বর্ণিত হয়েছে। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89347

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন